



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৩২.২৫.(বিমা-১৯/২০২৫)- ২৫৫-৫/৩

তারিখ: ০৪ ফেব্রুয়ারি ১৪৩২
১৭ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ

যেহেতু জনাব সৈয়দ মোহাম্মদ কামরুল হদা, উপজেলা সমবায় কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ, প্রাক্তন উপজেলা সমবায় কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ এর বিরুদ্ধে যথাক্রমে ০৯ (নয়)টি অভিযোগ হলো: (১) আশার আলো কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর নির্বাচনে প্রার্থীর অনুমতি ছাড়া মনোনয়ন ফরম বিক্রয় করেছেন; (২) জনাব মোহাম্মদ শফিউল বাশার সোহাগ অভিযোগকারীকে মনোনয়ন পত্র দেন নি; (৩) মনোনয়ন পত্র প্রতিস্বাক্ষর করেন নি; (৪) মনোনয়ন পত্র বাতিল করেছেন; (৫) জেলা সমবায় অফিসার, ময়মনসিংহ মনোনয়ন পত্র বৈধ করেছেন কিন্তু তিনি বাতিল করেছেন; (৬) অভিযোগকারীকে অসং উপায় অবলম্বন করে প্রার্থীতা বাতিল করেছেন; (৭) সমবায় আইন ও বিধিমালা পরিপন্থী তফসিল প্রনয়ণ করেছেন; (৮) সমিতির নির্বাচনে পক্ষপাত মূলক আচরণ করেছেন; (৯) তীর কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ এর (ঘ) মোতাবেক দুর্নীতির সামিল। বর্ণিত ০৯ টি অভিযোগে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.১৮.৫২.০৭ (বিমা-১৯/২০২৫)-৮৬২-এ/ও, তারিখ: ২৬.০৫.২০২৫ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক দুর্নীতির অভিযোগে ১৯/২০২৫ নং বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

০২। যেহেতু তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য স্মারক নম্বর: ১৩৮৭(৬)-এ/ও, তারিখ: ০৭.১০.২০২৫ খ্রি. মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


০৩। যেহেতু তদন্ত প্রতিবেদন মোতাবেক তার বিরুদ্ধে অভিযোগের সত্যতা পাওয়া যায়নি;

০৪। যেহেতু তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মকর্তার জবাব ও বিভাগীয় মামলার প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (ঘ) অনুযায়ী “দুর্নীতি” এর অভিযোগ প্রমাণিত হয় নি;

০৫। যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭ (২)(ক) বিধি অনুসরণে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু জনাব সৈয়দ মোহাম্মদ কামরুল হদা, উপজেলা সমবায় কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ, প্রাক্তন উপজেলা সমবায় কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (ঘ) বিধি মতে “দুর্নীতি” এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।


এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


২৭/২/২০২৬
মোঃ ইসমাইল হোসেন
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ০২-৪৮১১৯৩০৫

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৩২.২৫.(বিমা-১৯/২০২৫)- ২৫৫/১(৬)-৬/৩ তারিখ: ০৪ ফাল্গুন ১৪৩২
১৭ ফেব্রুয়ারি ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা।
২. যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ।
৩. জেলা সমবায় অফিসার, ময়মনসিংহ।
৪. সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. উপজেলা সমবায় অফিসার, ধোবাউড়া/হালুয়াঘাট, ময়মনসিংহ।
৬. জনাব সৈয়দ মোহাম্মদ কামরুল হুদা, উপজেলা সমবায় কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ।
৭. সংশ্লিষ্ট নথি।


(মোঃ ইসমাইল হোসেন)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ০২-৪৮১১৯৩০৫